ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮৭৪
মোহনপুর, ১৬ সেপ্টেম্বর, ২০২৫

**পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা**

আগামী ২৫ সেপ্টেম্বর মোহনপুর পঞ্চায়েত সমিতি হলে মহকুমাভিত্তিক পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী উদযাপন করা হবে। এ উপলক্ষে আজ মোহনপুর পুর পরিষদের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব। এছাড়াও উপস্থিত ছিলেন মোহনপুর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন শঙ্কর দেব, মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক অশোক দেববর্মা সহ মোহনপুর পুর পরিষদের কাউন্সিলারগণ এবং সমাজসেবী কার্তিক আচার্যী ও শ্যামল দেবনাথ। সভায় সিদ্ধান্ত হয় মোহনপুর মহকুমাভিত্তিক পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী উপলক্ষে বসে আঁকো প্রতিযোগিতা, ক্যুইজ প্রতিযোগিতা, বক্তৃতা প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং আলোচনা সভার আয়োজন করা হবে।

*****